

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
২১/এ, ক্ষিতিশ রায় রোড, কাঁচিঝুলি (জেল রোড), ময়মনসিংহ।
ই-মেইলঃ dncmymensinghdivision@gmail.com
ওয়েব সাইটঃ www.dnc.mymensinghdiv.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ এর ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী ১ম নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ জাফরুল্লাহ কাজল
অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
তারিখ ও সময় : ০৯ সেপ্টেম্বর, ২০২৪ বেলা ০২.০০ ঘটিকা।
সভার স্থান : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ এর সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-‘ক’ দৃষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সুষ্ঠুভাবে দেশ গড়ার প্রত্যয় নিয়ে সরকার জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০১২ প্রণয়ন করেছেন। সভাপতি অধিদপ্তরের দায়বদ্ধতা বৃদ্ধি ও সরকারি সেবার মানোন্নয়নের জন্য সরকারের এ সুদূর প্রসারী কার্যক্রমকে আরোও সফল ও যথাযথভাবে বাস্তবায়ন করতে প্রতিটি সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে প্রত্যেককে স্ব স্ব অবস্থান থেকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে অনূন্য একটি নৈতিকতা কমিটির সভা করার লক্ষ্যমাত্রা রয়েছে। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	বেসরকারী নিরাময় কেন্দ্রগুলোর বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত আলোচনা করা হয়। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয় ময়মনসিংহ বলেন, বেসরকারী মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলো নিয়ে প্রায়শই নানান অভিযোগ পাওয়া যায় এবং ময়মনসিংহসহ সারাদেশে ইতোমধ্যে বেশকিছু অপ্রীতিকর ঘটনা ঘটেছে। ময়মনসিংহ বিভাগে যেন এ ধরনের ঘটনা না ঘটে সেদিকে সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে এবং কোন অভিযোগ পাওয়া গেলে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নিরাময় কেন্দ্রগুলোতে যাতে শারীরিক ও মানসিক নির্যাতনসহ কোন অবৈধ বা অপ্রীতিকর ঘটনা না ঘটে সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং মনিটরিং অব্যাহত রাখতে হবে।	উপপরিচালক/ সহকারী পরিচালক, জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।
২	নিজ দায়িত্ব পালনের প্রতি সকলেই আন্তরিক ও যত্নবান হওয়া, নিজ অফিসসহ ভবন আঞ্জিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং সেবা গ্রহীতাদের সঙ্গে সুন্দর ও সাবলীল	নিজ দায়িত্ব পালনের প্রতি সকলেই আন্তরিক ও যত্নবান হতে হবে। নিজ অফিসসহ ভবন আঞ্জিনা পরিষ্কার-	উপপরিচালক/ সহকারী পরিচালক, জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ময়মনসিংহ/

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	ব্যবহার করা নিয়ে আলোচনা।	পরিচ্ছন্ন রাখতে হবে। সেবা গ্রহীতাদের সঙ্গে সুন্দর ও সাবলীল ব্যবহার করতে হবে।	নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।

০৩। অতঃপর সভাপতি ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচকসমূহের লক্ষ্যমাত্রা যথাযথভাবে ও যথাসময়ে অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিকতার সাথে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ জাফরুল্লাহ কান্দল)
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ০২-৯৯৬৬৭১২৬৪।

নং ৫৮.০২.৪৫০০.০৬০.১৬.০১৮.২২- ৫৮৮

০২ আশ্বিন, ১৪৩১
তারিখ: ১৭ সেপ্টেম্বর, ২০২৪

বিতরণঃ


১। উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/ জেলা কার্যালয়, ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/শেরপুর।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

২। পরিচালক (প্রশাসন/অপারেশন্স ও গোয়েন্দা/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। অফিস কপি/মাস্টার কপি।


(মোঃ জাফরুল্লাহ কান্দল)
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ০২-৯৯৬৬৭১২৬৪।